যুগান্তর

তারিখ : 24-DEC-2006
পৃষ্ঠা ৭ কলাম ২য়

৪৮

# চার শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান

যুগান্তর রিপোর্ট

চারটি শিক্ষা বোর্ডে চেয়ারম্যান পদে নতুন নিয়োগ ও রদবদল করা হয়েছে। এ বোর্ডগুলোর মধ্যে রয়েছে— ঢাকা শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড, চট্টগ্রাম শিক্ষা বোর্ড ও কুমিল্লা শিক্ষা বোর্ড। বৃহস্পতিবার এ সংক্রান্ত সরকারি আদেশ জারি হয়।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ঢাকা বোর্ডের বর্তমান চেয়ারম্যান প্রফেসর হারুনুর রশীদ আগামী ২৮ ডিসেম্বর অবসরে যাবেন। এ কারণে ঢাকা শিক্ষা বোর্ডের নতুন চেয়ারম্যান পদে নিয়োগ পেয়েছেন মাদ্রাসা শিক্ষা বোর্ডের বর্তমান চেয়ারম্যান প্রফেসর মো. মনিরুল ইসলাম। মাদ্রাসা বোর্ডের নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ ইউসুফ। কুমিল্লা বোর্ডের নতুন চেয়ারম্যান নিয়োগ পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের প্রফেসর ড. আখতারুজ্জামান। চট্টগ্রাম বোর্ডের চেয়ারম্যান পদে নিয়োগ পেয়েছেন চট্টগ্রাম সরকারি কলেজের প্রফেসর মো. ইউসুফ। এর আগে বরিশাল, দিনাজপুর ও যশোর বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দেয় তত্ত্বাবধায়ক সরকার।